



পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)

৩৭/৩/এ ইন্সটান গার্ডেন রোড, ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

পসব্য/প্রকা/প্রশা-১(১৫)/২০২৩-২৪/ ২২ ১ ২

তারিখঃ ২৭/১২/২০২৩ খ্রিঃ

অফিস সহায়ক ও নিরাপত্তা প্রহরী পদে নিয়োগের নিমিত্তে অনুষ্ঠিত মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীগণের জন্য নির্দেশনাবলি

পল্লী সঞ্চয় ব্যাংকে অফিস সহায়ক ও নিরাপত্তা প্রহরী পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে ১২ জুন ২০২৩ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নং-১৪৮৬ এর পরিপ্রেক্ষিতে ২৪/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের ফল ও মৌখিক পরীক্ষার সময়সূচী ইতোমধ্যে পল্লী সঞ্চয় ব্যাংক ও টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। মৌখিক পরীক্ষা ৩১/১২/২০২৩ তারিখ হতে ৩১/০১/২০২৪ তারিখ পর্যন্ত সময়ে পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীগণকে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/১ম শ্রেণির ব্যাংক কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নবর্ণিত সনদপত্র/কাগজপত্রসহ মৌখিক পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে ১ (এক) ঘন্টা পূর্বে ~~প্রার্থীগণকে~~ পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়ে উপস্থিত হতে হবে:

০১. ৪ (চার) কপি রজিন পাসপোর্ট সাইজ ছবি;
 ০২. লিখিত পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি;
 ০৩. স্থায়ী ঠিকানার প্রমাণক হিসেবে স্থানীয় কর্তৃপক্ষের (ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন) মূল সনদপত্র;
 ০৪. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যা, কোটায় আবেদনকৃত প্রার্থীগণের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদপত্র;
 ০৫. মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীগণের ক্ষেত্রে প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;
 ০৬. আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য এ মর্মে জেলা আনসার অ্যাডজুট্যান্ট অফিসার কর্তৃক প্রদত্ত সনদপত্র;
 ০৭. প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র; এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র;
 ০৮. উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।
- ০২। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৩। প্রকাশিত ফল কোনো কারণে সংশোধনের প্রয়োজন হলে তা সংশোধনের অধিকার পল্লী সঞ্চয় ব্যাংক সংরক্ষণ করে।
- ০৪। প্রার্থী কর্তৃক দাখিলকৃত অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ তথ্য/দলিলাদির কারণে নিয়োগ প্রক্রিয়ার যে কোনো পর্যায়ে প্রার্থীর সাথে কোনো প্রকার যোগাযোগ ছাড়াই প্রার্থীতা বাতিল করার অধিকার পল্লী সঞ্চয় ব্যাংক সংরক্ষণ করে।

মোঃ আলা উদ্দিন

মহাব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক

ও

সদস্য সচিব, বাছাই কমিটি